66

দৈনিক বাংলা

তারিখ ... 15 SEP 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

ঢাকা ভার্সিটি পরিস্থিতি শান্ত

# সন্ত্রাসীদের তালিকা ঃ দুই ছাত্র সংগঠন আরও ২৪ ঘন্টা সময় নিয়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকা তৈরী করতে গিয়ে ছাত্র সংগঠনগুলো বিপাকে পড়েছে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, শনিবার ছাত্রলীগ (শা-পা) ও ছাত্রদল নেতৃবৃন্দের একে অপর সংগঠনের সন্ত্রাস সৃষ্টি-

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সন্ত্রাসীদের তালিকা ঃ দুই ছাত্র সংগঠন আরও

(প্রথম পৃষ্ঠার পর)

কারীদের তালিকা জমা দেয়ার কথা থাকলেও তাঁরা তালিকা দিতে পারেনি। নেতৃবৃন্দ কর্তৃপক্ষের নিকট থেকে আরও ২৪ ঘন্টা সময় নিয়েছেন। এর আগে ৭২ ঘন্টা সময় দেয়া হয়েছিল। এই সময়সীমা গতকাল সন্ধ্যা ৬টায় শেষ হয়েছে। ছাত্র সংগঠন সূত্রে জানা গেছে, তারা এখনও এ ব্যাপারে বেশী দূর অগ্রসর হতে পারেনি। গতকাল দুপুরে ছাত্র নেতৃবৃন্দ বিষয়টি নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টরের সঙ্গে এক আলোচনায় মিলিত হয়। অনানুষ্ঠানিক এ আলোচনাকালে উভয় ছাত্র সংগঠনই কর্তৃপক্ষের নিকট সন্ত্রাসীদের তালিকা জমাদানের সময়সীমা আরও ২৪ ঘন্টা বৃদ্ধির অনুরোধ করেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন ছাত্রনেতা বলেন, তালিকা জমা দেয়া খুব একটা জরুরী কিছু নয়। তিনি বলেন, ক্যাম্পাসে কারা সমস্যা সৃষ্টি করছে, কারা অস্ত্রবাজ তা প্রশাসন ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অজানা নয়। একটি সূত্রে জানা গেছে, দুইটি ছাত্র সংগঠন সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকা জমা না দিয়ে বিষয়টি প্রশাসন ও কর্তৃপক্ষের উপর ছেড়ে দিতে পারেন।

এদিকে গতকাল ক্যাম্পাস পরিস্থিতি শান্ত ছিল। কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। দুপুরের দিকে ছাত্রলীগ (শা-পা) ও গণতান্ত্রিক ছাত্রঐক্য দুটি পৃথক সমাবেশ করে। ছাত্রলীগ (শা-পা) সমাবেশে বক্তৃতা করেন। আবু সাঈদ আল স্বপন, মোঃ রফিকুল ইসলাম রফিক, অজয়কর খোকন, বাহাদুর বেপারী। সমাবেশে বক্তারা সন্ত্রাস নির্মূলে ছাত্র সমাজের ঐক্যবদ্ধ ভূমিকার কথা উল্লেখ করে বলেন, ছাত্র সমাজ ঐক্যবদ্ধ হলে সন্ত্রাস নির্মূল সহজ হবে।